

স্বাধীনতা

স্বাধীনতা শুধু পনেরো আগস্ট নয়,
ঝেড়ে ফেলা সব সঙ্কেচ, সব ভয়।
মনের ভাবকে সজোরে প্রকাশ করা—
নিজের ভাগ্য নিজের হাতে-ই গড়া।

স্বাধীনতা নয় শুধু পতাকার দড়ি—
জীবনের পথে কিছুকে যেন না ডরি।
মাথা উঁচু ক'রে বাঁচা মানুষের মত,
আর সাফ করা জঞ্জাল আছে যত।

স্বাধীনতা শুধু নয় 'জনগনমন',
সমস্ত কাজে নির্ভুল হই যেন,
সময়ের কাজ শেষ করি সময়েতে—
সকলের কাছে শুধু ভালবাসা পেতে।

'স্বাধীনতা' মানে সামান্য ভাললাগা,
বিপদের সাথে বিনিদ্র রাত জাগা,
ঝেড়ে ফেলা সব গতানুগতিকতা—
যেমন ইচ্ছে বাঁচা-ই ত স্বাধীনতা।

স্বাস্থ্যবটিকা

বৈদ্যবাটির-র সেই সীতানাথ বদ্যি
তার সেজো ভায়রা-র হয়েছিল সর্দি।

ফেল মেরে গিয়েছিল সব বড়ি, টনিকে,
ছুটল হাসপাতালে স্পেশালিটি ক্লিনিকে।

ভিজিট এক শ' টাকা, পাশ করা ডাক্তার
টাকাকড়ি গুনে নিয়ে বলল, 'নমস্কার।

কী বা জ্বর, সর্দি, কী বা বোন ফ্ল্যাকচার,
আমাদের নেই কোনও ইনফ্রাস্ট্রাকচার।

কিন্তু পুষলে রোগ টেনে নেবে যমেতে—
দিচ্ছি রেফার করে নাসিং হোমে - তে।

নাসিং হোমে গিয়ে প্রাণপাখি খাঁচাছাড়া—
গরীবের সাথে, মা গো, এ কেমন মশকরা!

'সব রকমের রোগে মাস্ট মাস্ট এম.আর.আই,
ও এ ভিউ-য়ে এক্স রে-ও করা চাই

মাছ, ডিম, কাঁকড়া-য অ্যালার্জি আছে কী?
উচ্চ রক্তচাপ আছে কী না দেখে নি।

ভিজিট - টা অ্যাকোয়ার্ড, না কী কনজেনিটাল?
বায়োস্কি রিপোর্ট - টা হাতে নিয়ে দেখি কাল।

ফরসেপ করা হবে পিটুইটারি-র হাড়ে,
লেসার সার্জারি ও দরকার হতে পারে।

ধকল কাটতে বাড়া দশদিন লাগে যে,
টেন পাসেন্ট ছাড় দিয়ে দেব প্যাকেজে।

প্রাণভয়ে ছুট দেয় সীতানাথ বদ্যি,
তার সেজো ভায়রা-র সেরে গেল সর্দি।